



খুলনা পাবলিক কলেজ



বয়রা, খুলনা-৯০০০

“শিক্ষা মন্ত্রণালয়ের অধীন একটি বিশেষায়িত প্রতিষ্ঠান”

ভর্তি বিজ্ঞপ্তি- ২০২২

২০২২ শিক্ষাবর্ষে খুলনা পাবলিক কলেজে তৃতীয় থেকে নবম শ্রেণিতে বাংলা মাধ্যমে প্রভাতী ও দিবা শাখায় শূন্য আসনে ছাত্র ভর্তি করা হবে। ভর্তি সংক্রান্ত তথ্যাবলী নিম্নে প্রদত্ত হল।

শ্রেণি	ফরম বিতরণ ও জমা	আসন সংখ্যা	ভর্তি পরীক্ষা (লিখিত/মৌখিক) গ্রহণ / নির্বাচন, ফলাফল প্রকাশ ও ভর্তির তারিখ
তৃতীয় শ্রেণি	০৬-১১-২০২১ খ্রি. তারিখ থেকে ০৬-১২-২০২১ খ্রি. তারিখ পর্যন্ত	প্রভাতী : ১০০ দিবা : ১০০	সরকারী নির্দেশনা মোতাবেক ও প্রতিষ্ঠানের সিদ্ধান্ত অনুযায়ী কলেজের ওয়েবসাইটে ও প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে যথাসময়ে নির্দেশনা প্রদান করা হবে
৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৮ম ও ৯ম শ্রেণি	০৯-০১-২০২২ খ্রি. তারিখ থেকে ১৬-০১-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত	আসন শূন্য থাকা সাপেক্ষে	কলেজের নোটিশ বোর্ডে দেওয়া হবে

- ভর্তি কার্যক্রমে সরকারি নীতিমালা অনুসরণ করা হবে। এ প্রতিষ্ঠানে শুধুমাত্র ছেলেদের আবাসিক (সীমিত) /অনাবাসিক সুবিধাসহ বাংলা মাধ্যমে ভর্তির সুযোগ রয়েছে।
- তৃতীয় শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে ০১ জানুয়ারি ২০২২ খ্রি. তারিখে বয়স ৮ হতে ৯ বছর হতে হবে।
- ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম, ৮ম ও ৯ম শ্রেণিতে প্রযোজ্য ক্ষেত্রে সরকারি নির্দেশনা অথবা কলেজ কর্তৃপক্ষের সিদ্ধান্ত ও মানবন্টন অনুযায়ী পরীক্ষা গ্রহণ অথবা লটারীর মাধ্যমে ছাত্র নির্বাচন করা হবে। উল্লেখ্য, প্রচলিত মানবন্টন অনুযায়ী ৩য় শ্রেণিতে ভর্তি পরীক্ষার বিষয়সমূহঃ বাংলা-১৫, ইংরেজি-১৫, গণিত-২০। ৪র্থ থেকে অষ্টম শ্রেণিঃ বাংলা-৩০, ইংরেজি-৩০, গণিত-৪০। নবম বিজ্ঞানঃ বাংলা-২০, ইংরেজি-২৫, বিজ্ঞান-২৫, গণিত-৩০। নবম ব্যবসায় শিক্ষাঃ বাংলা-১৫, ইংরেজি-১৫, গণিত-২০
- প্রভাতী ও দিবা শাখার জন্য পৃথকভাবে আবেদন করতে হবে এবং আলাদাভাবে পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভর্তির পরে কোনভাবেই শাখা পরিবর্তন করা যাবে না।
- অনলাইনে প্রতিষ্ঠানের ওয়েব সাইট (www.kpcbd.edu.bd) এর Admission বাটন এ ক্লিক করে অনলাইনে ভর্তি ফরম পূরণ করে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে নির্ধারিত আবেদন ফী পরিশোধ করতে হবে। অনলাইনে ফরম পূরণ, প্রবেশপত্র সংগ্রহ ও আবেদন ফী পরিশোধের বিস্তারিত নিয়মাবলী প্রতিষ্ঠানের ওয়েব সাইটে পাওয়া যাবে।
- কলেজের প্রভাতী ও দিবা শাখার ভর্তি সেকশন থেকে স্বাস্থ্যবিধি মেনে প্রতি শাখার জন্য নির্ধারিত আবেদন ফী প্রদান সাপেক্ষে ভর্তি ফরম সংগ্রহপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ জমা প্রদান করে আবেদন করা যাবে।
- ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য কলেজের ভর্তি শাখা (প্রভাতী-কক্ষ নং ১২১, দিবা-কক্ষ নং ১১৯) ও প্রতিষ্ঠানের ওয়েব সাইট www.kpcbd.edu.bd থেকে জানা যাবে।
- ভর্তি সংশ্লিষ্ট তারিখ, সময়সূচি, নিয়মাবলী ও ফলাফলের ক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

বি.দ্র. : কেবল মেধার ভিত্তিতে ছাত্র ভর্তি করা হবে। যে কোন “আর্থিক লেনদেন অথবা সুপারিশ” ভর্তির অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে।

ল. কর্নেল আবদুল মোক্তাদের, এইসি
অধ্যক্ষ, খুলনা পাবলিক কলেজ
ফোন - ০৪১-৭৬১৩৩৯